# Complete English Grammar

মুনজেরিন শহীদ

10 MINUTE SCHOOL

## সম্পাদনা

**পুরঞ্জয় বিশ্বাস**
অধ্যাপক, চেয়ারম্যান
(পিআরএল, ইংরেজি বিভাগ, ঢাকা কলেজ)

**মোহাম্মদ ওলিউল্লাহ**
সহযোগী অধ্যাপক
(আদমজী ক্যান্টনমেন্ট কলেজ)

**এ. কে. এম. বজলুর রহমান**
সহযোগী অধ্যাপক
(ইংরেজি বিভাগ, সরকারি তিতুমীর কলেজ)

**জেব-উন-নাহার**
সহকারী অধ্যাপক
(ইংরেজি বিভাগ, ভিকারুন্নিসা নুন স্কুল এন্ড কলেজ)

**স্বপন সরকার**
সহকারী অধ্যাপক
(ইংরেজি বিভাগ, রাজউক উত্তরা মডেল কলেজ)

**মোঃ সোহেল আহমেদ**
সহকারী অধ্যাপক
(ইংরেজি বিভাগ, সামসুল হক খান স্কুল এন্ড কলেজ)



মুনজেরিন শহীদ দেশের সবচেয়ে বড় অনলাইন শিক্ষামূলক প্ল্যাটফর্ম টেন মিনিট স্কুলের চিফ ইন্সট্রাক্টর হিসেবে কাজ করছেন। তিনি গত ৪ বছরেরও বেশি সময় ধরে সোশ্যাল মিডিয়াতে লাইভ ক্লাস, ভিডিও টিউটোরিয়াল ও বিভিন্ন কোর্সের মাধ্যমে ১ কোটিরও বেশি শিক্ষার্থীকে ইংরেজি পড়াচ্ছেন। তাঁর ভিডিও লেকচারগুলো এরই মধ্যে সারা দেশের ৪ কোটি ২০ লাখ শিক্ষার্থীদের কাছে পৌঁছেছে। তাঁর অনলাইন কোর্স 'ঘরে বসে স্পোকেন ইংলিশ'-এ ইংরেজি বলা শিখছে প্রায় দুই লাখ শিক্ষার্থী। তিনি একজন স্বনামধন্য IELTS Trainer ও। তাঁর IELTS score 8.5। তাঁর অনলাইন কোর্স 'IELTS by Munzereen Shahid'-এর মাধ্যমে অনলাইনে IELTS এর সম্পূর্ণ প্রস্তুতি নিচ্ছেন হাজার হাজার শিক্ষার্থী।

টিচার হওয়ার পাশাপাশি মুনজেরিনের লেখা বইগুলোর মাধ্যমে ইংরেজি শিখছে অসংখ্য শিক্ষার্থী। তাঁর লেখা 'ঘরে বসে Spoken English' বই ও 'সবার জন্য Vocabulary' বইয়ের মাধ্যমে অসংখ্য শিক্ষার্থী তাদের ইংরেজির দুর্বলতা কাটিয়ে উঠেছে। তাঁর 'ঘরে বসে IELTS প্রস্তুতি' বইয়ের মাধ্যমে হাজারো শিক্ষার্থী নিচ্ছে তাদের IELTS preparation. এই জনপ্রিয়তার জন্য তিনি ২০২১ সালে 'Rokomari Bestseller Award' পুরস্কারে ভূষিত হন।

২০২৩ সালে তিনি Educational Impactor Category-তে Women and E-commerce Trust কর্তৃক 'জয়ী অ্যাওয়ার্ড' পান। এছাড়াও তিনি শিক্ষা ক্যাটাগরিতে JCI Woman of Inspiration Award পেয়েছেন। তাঁর বিভিন্ন Facebook group-এ ২০ লাখেরও বেশি শিক্ষার্থী ফ্রি-তে ইংরেজি শিখছে। এই অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি কমিউনিটি ম্যানেজমেন্ট ক্যাটাগরিতে Marvel of Tomorrow Influencers Award পান। এছাড়াও তিনি Learn on TikTok ক্যাটাগরিতে Creator of the Year Award জিতেছেন।

মুনজেরিন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি বিভাগে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেন। তিনি তাঁর মাস্টার্সে প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করেন। তিনি বিশ্বের অন্যতম সেরা বিদ্যাপীঠ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে ২০২১ সালে ১০০% স্কলারশিপে ভাষাবিজ্ঞানে তাঁর দ্বিতীয় মাস্টার্স সম্পন্ন করেছেন।

মুনজেরিনের স্বপ্ন দেশের সবার জন্য ইংরেজি শেখাকে সহজ করে তোলা। শুধু ইংরেজি না জানার জন্য যাতে কেউ কোনো ক্ষেত্রে পিছিয়ে না থাকে সেই লক্ষ্যেই মুনজেরিন কাজ করে যাচ্ছেন।

Munzereen Shahid

# এই লেখকের আরও বই ও কোর্সসমূহ

আমার কোর্সে ভর্তি হতে visit করুন:
10ms.com





ঘরে বসে **IELTS** প্রস্তুতি

বাইরে ছোটাছুটি ছাড়াই ঘরে বসেই IELTS পরীক্ষার ৪টি সেগমেন্টের সম্পূর্ণ প্রস্তুতি নিতে পারবেন 'IELTS by Munzereen Shahid' কোর্সে। কোর্সের সাথে মিলিয়ে প্র্যাকটিস করুন 'ঘরে বসে IELTS প্রস্তুতি' বইয়ের মাধ্যমে।

ঘরে বসেই বাস্তব পরিস্থিতিভিত্তিক উদাহরণের মাধ্যমে সহজেই ইংরেজি বলা শিখুন 'ঘরে বসে Spoken English' কোর্সে। কোর্সের সাথে মিলিয়ে ইংরেজি বলা প্র্যাকটিস করুন 'ঘরে বসে Spoken English' বইয়ের মাধ্যমে।




ঘরে বসে **SPOKEN ENGLISH**




সবার জন্য **Vocabulary**

Vocabulary শিখে মনে রাখা নিয়ে আমাদের struggle বেশ পুরোনো। এই struggle দূর করে মুখস্থ ছাড়াই vocabulary শিখুন 'সবার জন্য Vocabulary' কোর্সে। প্রতিদিনের কথাবার্তায় প্রয়োজনীয় ইংরেজি শব্দগুলো অর্থ ও ব্যবহারসহ শিখে মনে রাখতে পড়ুন 'সবার জন্য Vocabulary' বইটি।

বইগুলো সংগ্রহ করতে পারবেন তাম্রলিপি প্রকাশনী ও রকমারি থেকে।

# Table of Contents


| | |
|---|---|
| Basics: Sentence, Subject & Predicate, Object & Complement | 8 |
| Parts of Speech | 18 |
| Nouns | 25 |
| Pronouns | 34 |
| Adjectives | 46 |
| Verbs | 64 |
| Adverbs | 101 |
| Prepositions | 125 |
| Conjunctions | 135 |
| Interjection | 141 |
| Tense | 161 |
| Subject-Verb Agreement | 186 |
| Articles | 194 |
| Determiners | 204 |
| Modifiers | 210 |
| So, Such, Enough, Too | 22 7 |
| How to Form Questions | 195 |
| Transformation | 209 |
| Voice Change | 230 |
| Narration | 294 |
| Conditional Sentences | 256 |
| Affirmative and Negative Agreement | 263 |
| Phrases and Clauses | 267 |

| | |
|---|---|
| Prefix and Suffix | 284 |
| Redundancy | 294 |
| Parallelism | 299 |
| Connectors | 304 |
| Punctuation | 309 |
| Capitalization | 323 |
| Test 1 | 326 |
| Test 2 | 328 |
| Test 3 | 330 |
| Test 4 | 332 |
| Test 5 | 334 |
| Test 4 | 332 |
| Test 5 | 334 |
| Test 6 | 336 |
| Test 7 | 338 |
| Test 8 | 340 |
| Test 9 | 342 |
| Test 10 | 344 |
| Test 11 | 346 |
| Test 12 | 348 |

# Grammar Basics:
## Sentence, Subject & Predicate, Object & Complement

গ্রামারের detailed আলোচনায় যাওয়ার আগে কিছু basic concepts নিয়ে আমাদের ধারণা থাকলে বিষয়গুলো আমাদের আরো সহজ হয়ে উঠবে।

যেকোনো ভাষায় আমরা যেমন alphabets দিয়ে শব্দ বা words গঠন করে থাকি, ঠিক একইভাবে একাধিক words দিয়ে গঠন করা হয় বাক্য বা sentences. তবে ইচ্ছেমতো শব্দ combine করলেই কিন্তু বাক্য হয়ে যায় না। একটি বাক্যের **সম্পূর্ণ অর্থ** প্রকাশ করতে হয়।

আমাদের মনের কথা আমরা sentence- এর মাধ্যমে প্রকাশ করতে পারি। যখন আপনি sentences তৈরি করবেন, মাথায় রাখতে হবে যে আপনার একটি **particular word order** মেনে চলতে হবে। Sentences- এ words, phrases এবং clauses থাকে যা আমাদের **sequentially** arrange করতে হয় অর্থ প্রকাশ করতে। Sentences কিন্তু অনেক useful! কত কিছুই না করা যায় তাদের দিয়ে ...

**কুইক টিপস**

A sentence means a group of words that makes a **complete sense.**

**Sentences দিয়ে আমরা-**

- **general idea প্রকাশ করতে পারি ...**
  I really like your dress.
- **suggestions বা পরামর্শ দিতে পারি ...**
  You could buy a dress for the party tomorrow.
- **order বা আদেশ দিতে পারি ...**
  Wear a formal dress in the interview tomorrow.
- **surprise অথবা sadness প্রকাশ করতে পারি ...**
  Alas! My interview was terrible.
- **প্রশ্ন করতে পারি ...**
  Which dress are you wearing in the event?
- **request বা অনুরোধও করতে পারি ...**
  Could you please let me borrow your dress for the event?
- **wish বা ইচ্ছাও প্রকাশ করতে পারি ...**
  May you have a great interview tomorrow.

বুঝতেই পারছেন হয়তো, একটি বাক্যের বিভিন্ন parts থাকে। মোট পাঁচটি ভাগ থাকতে পারে একটি বাক্যের, যার মধ্যে sentence গঠন করার জন্য **শুধু verb থাকা বাধ্যতামূলক।**

- **Subject**– যে বাক্যের **action**-টি করছে / বাক্যে যার **সম্পর্কে** কথা হচ্ছে
- **Verb**– বাক্যের **main action**
- **Object**– বাক্যে যে action-টি **receive** করছে
- **Complement** – একটি word/বাক্যাংশ যা subject বা object-কে **modify** করছে
- **Adjunct**– একটি adverb বা adverb clause যা আমাদের একটি verb, complement বা অন্য একটি adjunct সম্পর্কে **তথ্য দিচ্ছে**

(Verb, Object, Complement, Adjunct) } **Predicate**

**কুইক টিপস**

যদি adjunct অপরিচিত শব্দ মনে হয়, তাহলে এই part টুকু পড়ে নিন।

## Adjunct/Adverbial কী?

**Adjunct একটি শব্দ বা একাধিক শব্দ যা একটি বাক্য থেকে সরিয়ে দিলেও বাক্যটি grammatically accurate থাকে।**

**Example 1**

time adjunct (when)

Anila arrived **yesterday.** Nawshin left **when he arrived.**

**Example 2**

manner adjunct (how)

Irha learned **quickly.** Marha sings **like an angel.**

**Example 3**

place adjunct (where)

Tauhid walks **here.** Avipsu lost his dog **in the forest.**

**এবার চলেন পূর্বের আলোচনায় ফিরে যাই।**

একদম simple একটি উদাহরণ যদি দেই -

**Example 1**

verb

**The interview** | **was difficult.**

subject | predicate

**Example 2**

verb

**The man from the library** | **knows my secret.**

subject | predicate

### কুইক টিপস

- একটি বাক্যের Subject সাধারণত noun/pronoun দ্বারা গঠিত হয়।
- একটি বাক্যের Predicate সাধারণত verb/ adjective/ adverb/ preposition/ conjunction/ interjection দ্বারা গঠিত হয়।
- অন্যভাবে বলতে, the predicate is **every-thing that is not the subject.**

আমরা Parts of Speech চ্যাপ্টারে এগুলো নিয়ে আরো details-এ আলোচনা করেছি।

**একটি বাক্যের subject অনেক প্রকারের হতে পারে।**

**একটি single subject**

- **Maliha** is a good student. (subject)
- **Love** is a beautiful feeling. (subject)

**একটি subject + modifier**

- **The old book** is on the table. (modifier; subject)
- **The young child** played outside. (modifier; subject)

**Double subjects**

- **My sister and I** love to bake cookies. (subject)
- **He and she** laughed loudly. (subject)

**একই ভাবে বাক্যের predicate অনেক প্রকারের হতে পারে।**

**One verb**

- I **want to read.** (predicate)
- Maliha **is sleeping.** (predicate)

## Compound Predicate

**A predicate with two or more verbs or verb phrases connected by a conjunction is called Compound Predicate.**

**Example 1**

I (subject) chased (verb 1) and (conjunction) caught (verb 2) the thief.

**Example 2**

Nadia (subject) discovered (verb 1) a new island and (conjunction) decided (verb 2) to stay there for two days.

# Sentences and their types

যেহেতু এখন আমরা মোটামুটি subject, predicate নিয়ে general idea পেয়েছি, চলেন দেখে নেওয়া যাক কত ধরনের sentences তাদের দিয়ে তৈরি করা সম্ভব। Sentences- কে দুইভাবে ভাগ করা সম্ভব **according to function/ meaning** এবং **according to structure**. এই আলোচনা অনেক লম্বা, তবে আমরা surface-level একটা ধারণা দিয়ে দিচ্ছি।

Sentences-কে five types- এ ভাগ করা সম্ভব তাদের **function/ meaning-**এর উপর base করে।

**1. Assertive/declarative sentence**

**2. Interrogative sentence**

**3. Imperative sentence**

**4. Exclamatory sentence**

**5. Optative sentence**

Sentences- কে three types- এ ভাগ করা সম্ভব তাদের **structure-**এর উপর base করে।

**1. Simple sentence**

**2. Complex sentence**

**3. Compound sentence**

**চলুন একটু বিস্তারিত দেখা যাক -**

## Object-এর functions

Objects- এর দুটো main functions রয়েছে। তারা verb- এর object হিসেবে function করে অথবা preposition- এর object হিসেবে function করে।

### Object of a Verb

যখন object- টি verb- এর পরে আসে এবং সেটির action receive করে, তখন সে act করে verb- এর object হিসেবে। For example:

I **had** a **cake.**
(had → verb, cake → direct object)

We **took** a **bus** to the **airport.**
(took → verb, bus → indirect object, airport → direct object)

### Object of a Preposition

ঠিক যেভাবে verb- এর object- টি verb- এর পরে বসে, preposition- এর object- টি preposition- এর পরে বসে। তখন সেটি prepositional phrase- এর অংশ হয়ে যায়। যেমন-

Samiya will be going to the **market.**
(market → object of preposition 'to')


I am meeting my sister at the **park.**
(park → object of preposition 'at')

> **কুইক টিপস**
>
> শুধু transitive verbs-এর direct objects থাকে। আমরা transitive verbs নিয়ে 'Verbs' চ্যাপ্টারে আলোচনা করেছি।

## Complements

Complement-এর অর্থ **পরিপূরক,** অর্থাৎ এমন একটি শব্দ বা বাক্যাংশ যেটি noun বা pronoun- কে **complement** করে।

Complements দুই প্রকার। Subject complement এবং object complement. Subject complement এবং object complement-এরও আবার বিভিন্ন ধরন রয়েছে। আমি পুরো details নিচে দিয়ে দিচ্ছি -



## Subject Complement

A word or phrase that follows a linking verb and identifies or describes the subject.

**Example 1**

subject → **The bag** | linking verb → **is** | subject complement → **a gift.** ← noun

(a gift. identifies The bag)

**Example 2**

subject → **The drink** | linking verb → **smells** | subject complement → **bad.** ← adjective

(bad. describes The drink)

There are three types of Subject Complements:

**Noun Complement:**

বাক্যে noun-এর মতো কাজ করে।

যেমন-

- The bag is **a gift.**
- Munzereen is **a teacher.**

**Adjective Complement:**

বাক্যে adjective-এর মতো কাজ করে।

- The drink smells **bad.**
- The bag is **beautiful.**

**Adverb Complement:**

বাক্যে adverb-এর মতো কাজ করে। এটি location, speed অথবা direction indicate করে।

- She dances **gracefully.**
- Naznin will be **there.**

## Object Complement

Object complement এমন একটি word বা phrase যা modify করে সেই noun বা pronoun-কে যেটি বাক্যের object হিসেবে থাকে। যেমন-

**Example**

**We named our dog, Furry.**

(dog = direct object; Furry = object complement; Furry renames the object)

**Word/Phrase as object complement:** যখন একটি object-এর পরিপূরক হিসেবে একটি শব্দ বা বাক্যাংশ কাজ করে। যেমন-

We elected **him President.**

(him = object; President = object-এর complement)

You made the little **baby sad.**

(baby = object; sad = object-এর complement)

**Clause as object complement:** যখন একটি object-এর পরিপূরক হিসেবে একটি clause কাজ করে। যেমন-

The Principal called **the boy** **who bullied the newcomer.**

(the boy → object; who bullied the newcomer → object-এর complement (clause))

I need the **book** **which has the correct information.**

(book → object; which has the correct information → object-এর complement (clause))

## এক নজরে

## Complement

Complements are essential to complete the meaning, as they are words (or groups of words) needed to complete the meaning of an expression.

**Example 1**

subject → Math; subject complement → difficult

**Math is difficult.**

**Example 2**

object → Math; object complement → easy

**Practice makes Math easy.**

### কুইক টিপস

Subject এবং complement-এর মাঝে linking verb থাকতেই হবে।

### Linking Verb

A linking verb is a main verb that links the subject to its complement (a noun or an adjective).

subject → **Abrar**; linking verb → **is**; subject complement (noun) → **an actor.** (links)

subject → **Abrar**; linking verb → **is**; subject complement (adjective) → **smart.** (links)

Important linking verbs:

**Forms of be:**

| | | |
|---|---|---|
| **Is** | **Can be** | **May be** |
| **Are** | **Could be** | **Might be** |
| **Am** | **Will be** | **Must be** |
| **Was** | **Would be** | **Has been** |
| **Were** | **Shall be** | **Have been** |
| | **Should be** | **Had been** |

**The "Five Sense" verbs:**

**Feel:** This shirt feels itchy.

**Smell:** The dinner smells amazing.

**Taste:** This pizza tastes delicious.

**Look:** The dress looks strange.

**Sound:** That gramophone sounds broken.

| The "States of Being" verbs: | | |
|---|---|---|
| **Act** | **Grow** | **Stay** |
| **Appear** | **Prove** | |
| **Become** | **Remain** | |
| **Get** | **Turn** | |

## Practice

1. A 'subject' means- [IU (05-06)]
A. The agent of a sentence
B. The preceding of the adjective
C. The modifier of the sentence
D. The syntax of the sentence

2. The predicate of a sentence is- [JU (B) 06-07]
A. A person about whom something is said.
B. A verb
C. What is said about the subject.
D. Which determines the subject.

3. She presented me a book. [IU (10-11)]
A. direct object
B. indirect object
C. noun complement
D. none

4. He became a politician. Here 'became' is a/an: [RU (A) 16-17]
A. linking verb
B. transitive verb
C. intransitive verb
D. action verb

5. Shakespeare is a playwright. Here 'playwright' is a/an-
A. Object
B. Subject
C. Adverb
D. Complement

6. They made Karim the captain. Which of the following structures does this sentence follow?
A. subject + verb + object
B. subject + verb + object + adjective
C. subject + verb + object + complement
D. subject + verb + complement + adverb

7. A sentence must have a [JKKNIU (B) 2012-13]
A. group of words
B. statement
C. description
D. subject and a finite verb

8. It is difficult to pass this admission test. [RU (09-10)]
A. noun
B. adjective
C. adverb
D. complement

9. He was called a fool. [RU (05-06)]
A. noun
B. adjective
C. adverb
D. complement

10. A sentence is a group of words that expresses a complete- [IU (A) 2014-15]
A. thought
B. predicate
C. paragraph
D. fragment

11. Which one is an imperative sentence?
A. Where do you live?
B. What a match!
C. Nothing will make him repent.
D. Open the door.

12. Which one is an interrogative sentence?
A. He reads a book.
B. He has read a book.
C. Does he read a book?
D. He will read a book.

13. 'Come with me.' This is an-

A. Imperative Sentence
B. Interrogative Sentence
C. Assertive Sentence
D. Exclamatory Sentence

14. 'May Allah help you.' What kind of sentence is this?

A. Assertive
B. Optative
C. Imperative
D. Exclamatory

15. 'May you recover soon' is an- [IU (C) 15-16]

A. Affirmative sentence
B. Assertive sentence
C. Optative sentence
D. Exclamatory sentence

16. The sentence, 'What a delicious meal!' is a/an-

A. Interrogative sentence
B. Imperative sentence
C. Optative sentence
D. Exclamatory sentence

17. 'May you succeed in all your endeavours.' What kind of sentence is this?

A. Optative
B. Imperative
C. Assertive
D. Exclamatory

18. 'I know what his name is' is a ____ sentence.

A. Compound
B. Complex
C. Simple
D. Exclamatory

19. Which one is an interrogative sentence?

A. He will go to the party.
B. He has gone to the party.
C. Will he go to the party?
D. He won't go to the party.

20. 'The wind is unfavourable.' What kind of sentence is this? [IU (B) 09-10]

A. Assertive
B. Interrogative
C. Imperative
D. Optative

## Answer Key

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **1. A** | **2. C** | **3. A** | **4. A** | **5. D** | **6. C** | **7. D** | **8.D** | **9. D** | **10. A** |
| **11. D** | **12. C** | **13. A** | **14. B** | **15. C** | **16. D** | **17. A** | **18. B** | **19.C** | **20. A** |

একইভাবে noun দিয়ে আরো অনেক কিছুর নাম বোঝানো যায়-

| | |
|---|---|
| **Thing** | Table, chair, book, mountain, apple |
| **Animal** | Cat, mouse, chicken, dog |
| **Person** | Munzereen, Anila, Masud, Nancy |
| **Place** | Paris, Chattogram, Rome, Dhaka |
| **Idea** | Love, sadness, hatred, freedom |

**আরো কিছু উদাহরণ:**

- She bought a **book. (thing)**
- I have a **pet. (animal)**
- Many people are scared of **darkness. (ideas/abstract nouns)**
- She is my **sister**. **(person)**
- This is my **office. (place)**

Singular-plural nouns নিয়ে পরে আলোচনা রয়েছে।

## 2. Pronoun

Pronoun ব্যবহার করা হয় noun/noun phrase-কে replace করতে যাতে আমরা repetition avoid করতে পারি।
যেমন: I, you, we, us, he, she, them, it, those, they.

যেমন: Munzereen is sleepy. **She** wants to go to bed.

এখানে, **she,** Munzereen- কে replace করেছে। এখানে আমরা বলতে পারতাম Munzereen is sleepy. Munzereen wants to go to bed. কিন্তু পরপর দুইবার Munzereen শুনতে repetitive মনে হতো। তাই দ্বিতীয় বাক্যে আমরা Munzereen-কে she দিয়ে replace করেছি। মনে রেখো, she কিন্তু একটি subject pronoun. (more on this later!)

## 3. Adjective

Adjective আমাদের noun ও pronoun সম্পর্কে বাড়তি তথ্য দিয়ে এগুলোকে describe ও modify করতে সাহায্য করে। যেমন: happy, old, pink, big etc এই শব্দগুলো যখন কোনো sentence- এ বসে তখন সেগুলো noun বা pronoun সম্পর্কে বাড়তি তথ্য দেয়। একটা sentence এর উদাহরণ দিলে বুঝতে সহজ হবে।

The **young** boy has a **big** umbrella.

এখানে **young** এবং **big** দুটোই adjective কারণ এগুলো এই sentence- এর noun boy ও umbrella নিয়ে বাড়তি তথ্য দিচ্ছে।

## 4. Verb

Verb কোনো কিছুর action বা state of being নিয়ে কথা বলে। কেউ বা কিছু কী করছে সেটা আমরা verb- এর মাধ্যমে জানতে পারি। যেমন: come, read, talk, eat, walk etc.

Maliha **reads** books.

I **study** English.

উপরের দুটো উদাহরণেই bold করা শব্দগুলো হলো verb.

এই শব্দগুলো আমাদের কোনো না কোনো action বা কাজ সম্পর্কে বলছে। একইভাবে, verb কিন্তু আমাদের state of being বা অবস্থা নিয়েও কথা বলতে পারে। যেমন-

I **am** happy.

I **feel** sleepy.

এখানে, **am** বা **feel** দিয়ে কিন্তু কোনো action বা কাজ বুঝাচ্ছে না। এই দুটি শব্দ দিয়ে আমাদের state বা অবস্থা বোঝাচ্ছে।

Tense অনুযায়ী বাক্যে verb- এর বিভিন্ন form দেখে আমরা কোনো একটি ঘটনা কখন ঘটে বা ঘটেছে সেটা বুঝতে পারি। যেমন-

I **exercised** a lot last week. **Past**

I **am exercising** now. **Present**

I **will exercise** in the evening. **Future**

আরো অনেক ধরনের verbs আছে, যেমন: **main verbs, auxiliary verbs, modal verbs** ইত্যাদি।

তবে আমরা এগুলো নিয়ে verbs- এর চ্যাপ্টারে আলোচনা করবো।

## 5. Adverb

Adverbs সাধারণত কোনো verb, adjective অথবা কোনো adverb-কে modify করে। একটি ঘটনা কত ঘনঘন ঘটে **(how often)**, কোথায় **(where)** এবং কখন **(when)** ঘটে সেটা adverbs দিয়ে সহজে বোঝা যায়। অর্থাৎ adverbs দিয়ে মূলত তিন ধরনের প্রশ্নের উত্তর পাওয়া যায়। অনেক adverbs **'ly'** দিয়ে শেষ হয়।

যেমন: poorly, happily, sadly, too, fast, very, never, always.

She is speaking **loudly.**

এই বাক্যে verb হলো speaking আর adverb হলো **loudly.** কারণ, এই শব্দটি দিয়ে কীভাবে কথা বলা হচ্ছে সেটার উত্তর পাওয়া যাচ্ছে। আরেকটা সহজ উপায় তো আগেই বলেছি, বেশিরভাগ adverb- এর শেষে **ly** থাকে। তাই এই বাক্যে adverb হলো **loudly.**

**Today,** I will eat **quickly**.

এই বাক্যে কিন্তু দুইটা adverb আছে। **Today ও quickly**, এই দুটি শব্দ আমাদেরকে দুইটি ব্যাপারে ধারণা দেয়। একটা হলো সময় বা **adverb of time,** অন্যটি কাজটি কীভাবে হচ্ছে তার ধারণা দেয় বা **adverb of manner.**
এখানে **today** হলো **adverb of time.** কবে বা কখন দ্রুত খাওয়ার কথা বলা হয়েছে? এটার উত্তর হলো **Today.** আর শেষে **ly** আছে, **quickly** হলো **adverb of manner,** যা কীভাবে খাওয়া হবে তার ধারণা দিচ্ছে।

### কুইক টিপস

| Types of adverbs | যে প্রশ্নের জবাব দেয় | Examples |
|---|---|---|
| Adverbs of manner | how | slowly, happily, swiftly |
| Adverbs of frequency | how often | always, never, rarely, frequently |
| Adverbs of place | where | here, there, inside, below |
| Adverbs of time | when | yesterday, today, now, soon |
| Adverbs of degree | to what extent | quite, too, really, very |

## 6. Preposition

Prepositions আমাদের noun/noun phrase/pronoun এবং অন্য শব্দের মধ্যে সম্পর্ক বুঝতে সাহায্য করে।
যেমন: at, on, in, above, about, from
সবচেয়ে common prepositions হলো preposition of place, time, relationship, movement.

The books are **on** the table.
(এই বাক্যে **On** একটি preposition of place)

My birthday is **in** October.
(এই বাক্যে **In** একটি preposition of time)

যদিও আমরা Preposition- এর চ্যাপ্টারে দেখবো যে কিছু শব্দ যেমন- **'in'** preposition of time এবং preposition of place দুটোই হতে পারে বিভিন্ন সময়ে।

Preposition নিয়ে আমরা বিস্তারিত আলোচনা করবো Preposition- এর চ্যাপ্টারে।

## 7. Conjunction

Conjunctions বিভিন্ন words, ideas, phrases ও clauses- কে connect করে এবং তাদের মধ্যে connection establish করে। যেমন: and, or, but, if, until, because etc.

I was angry **and** sad, **but** I still went to the party.

এখানে **and** দুটো শব্দ (angry ও sad)- কে connect করে, এবং **but** দুটো clause- কে connect করে (**I was angry** but **I still went to the party**).

I read a book, **while** Shahana was sleeping.

(এখানে **while** দুটো ঘটনার মধ্যে connection বুঝাতে সাহায্য করে)।

## 8. Interjection

এমন কোনো শব্দ বা বাক্যাংশ যা একটি **strong emotion express** করে।
যেমন: Ouch! Hey! Wow! Alas!
Interjections বেশির ভাগ সময়ে exclamation mark (!) দিয়ে শেষ হয়।

**Ouch!** I just burned my fingers.

এখানে **ouch** interjection-টি দিয়ে বোঝানো যায় যে, একটি **painful** বা যন্ত্রণাদায়ক কোনো ঘটনা ঘটেছে।

**Wow!** I love how beautiful this place is.

এখানে **wow** interjection-টি **surprise** express বা বিস্ময় প্রকাশ করছে।

কিছু ক্ষেত্রে interjection- এর কারণে বাক্যের একদম শেষে exclamation mark-টা বসতে পারে, immediately interjection- এর পরে না বসে।

**কুইক টিপস**

তবে মাঝেমধ্যে একটি শব্দ তার function- এর উপর নির্ভর করে একাধিক Parts of Speech হিসেবেও ব্যবহৃত হতে পারে।

যেমন: decrease একটি **verb** হতে পারে-

Prices of onions **decreased** in 2020.

আবার, decrease একটি **noun-** ও হতে পারে-

There was a sudden **decrease** in the number of registrations on Sunday.

**এক নজরে**

## Parts of Speech

**Noun**

যেকোনো কিছুর নামই Noun
**Example:** Ayman, Rafsan, Paris, table, hope
**Araf** has a black **notebook**.

**Pronoun**

Noun- এর বদলে যা বসে তাই Pronoun
**Example:** I, you, we, she, he, they, it, them, those
Shafqat wants to go to the picnic with **his** mother.

**Verb**

Verb যেকোনো কাজ বা পরিস্থিতি বুঝায়
**Example:** Come, go, speak, dance, eat
I am **eating** a bowl of rice.

**Adjective**

Noun & Pronoun নিয়ে বাড়তি তথ্য দেয় Adjective
**Example:** Cold, sad, happy, enjoyable
Munzereen has a **pink** dress.

**Adverb**

কোনো ঘটনা কখন, কোথায় বা কীভাবে ঘটে এই প্রশ্নগুলোর উত্তর দেয় adverb
**Example:** Slowly, happily, very, well, too, never, always
**Today,** I will be exercising **gently.**

**Preposition**

Noun, pronoun- এর সাথে অন্য শব্দের সম্পর্ক দেখায় preposition
**Example:** At, on, in, about
The book is **on** the table.

**Conjunction**

দুটো শব্দ, বাক্য, ideas বা phrases- কে যুক্ত করে conjunction
**Example:** And, or, but, because
I am sick **and** tired **but** I will do it.

**Interjection**

সব ধরনের আবেগ প্রকাশে interjection ব্যবহৃত হয়
**Example:** Ouch! Yay! Alas!
**Ouch!** That hurts.

## Articles

**Articles দুই ধরনের হয়।**

**A/An:** একটি noun নিয়ে সাধারণভাবে কথা বলতে ব্যবহৃত হয়।
**The:** একটি নির্দিষ্ট noun নিয়ে কথা বলতে ব্যবহৃত হয়।

I need **a** book from the library.

**The** book needs to be in good condition.

প্রথম বাক্যে a book, এখানে যেকোনো বই অর্থে, সাধারণ কথাবার্তা হিসেবে বসেছে। আবার দ্বিতীয় বাক্যে the book বলতে লাইব্রেরি থেকে যে বইটি নেওয়া হবে নির্দিষ্ট করে সেই বইটির কথা বলা হয়েছে।

Traditional Grammar অনুযায়ী Article মূলত **Adjectives,** কারণ এটি noun ও pronoun-এর সংখ্যা/পরিমাণ প্রকাশ করে। তবে Articles-কে অনেক সময় একটি আলাদা word class- এর অংশ, **'determiners'** হিসেবেও বিবেচনা করা হয়।

## Determiners

Determiners আমাদের noun সম্পর্কে সাধারণ অথবা নির্দিষ্ট ধারণা দেয়। এই ধরনের শব্দ বা phrases সাধারণত noun- এর আগে বসে। Determiners আমাদের বিভিন্ন জিনিস **identify** করতেও সাহায্য করে।

Determiners ছয় ধরনের হতে পারে:

| Types of Determiners | Examples |
|---|---|
| Articles | a, an, the |
| Possessives | my, your, his |
| Demonstratives | this, that, these, those |
| Quantifiers | some, many |
| Interrogatives | what, which |
| Numbers | one, two, three, first, second, third, fourth, fifth |

Determiners নিয়ে বিস্তারিত আলোচনা থাকছে Determiners and Articles চ্যাপ্টারে।

Parts of Speech-এর A-Z তো পড়ে ফেললেন, এবার দেখুন তো, নিচের বাক্যে সবগুলো parts of speech identify করতে পারবেন?

**Wow! What a beautiful gift Maliha received but she carelessly placed it near a candle.**

Wow! → **Interjection**

What, carelessly → **Adverbs**

Beautiful → **Adjective**

Gift, candle, Maliha → **Noun**

Received, Placed → **Verbs**

But → **Conjunction**

It, she → **Pronoun**

Near → **Preposition**

A → **Adjective**

## Practice

1. A word that takes the place of a noun is called-

A. a subject | B. an adverb | C. an object | D. a pronoun

2. The word 'bright' in the sentence 'It was a bright, sunny morning' is— [JU - H unit, 20-21]

A. verb | B. adverb | C. noun | D. adjective

3. You should <u>dress</u> for cold weather today. Here, the underlined word is a- [RU - A unit (Group-1), 20-21]

A. conjunction | B. preposition | C. verb | D. noun

4. The word 'wholesome' is a/an— [Dental Admission Test 20-21]

A. Noun | B. Adjective | C. Adverb | D. Verb

5. I <u>water</u> the garden. The underlined word is-

A. Noun | B. Pronoun | C. Verb | D. Adverb

6. 'He could not win but learnt a lot.' Which part of speech is the word 'but'?

A. an adverb | B. a verb | C. an adjective | D. a conjunction

7. He fathered the plan. Here the word 'father' is-

A. a noun | B. an adjective | C. a verb | D. an adverb

# Nouns

Noun এমন শব্দ যা কোনো কিছুর নামকে বোঝায়। যেমন: একটা জিনিসের নাম, একজন মানুষের নাম, একটি দেশের নাম ইত্যাদি।

## Types of Nouns

| Concrete | VS | Abstract |
|---|---|---|
| **Concrete nouns** এমন ব্যক্তি বা বস্তুদের বোঝাতে ব্যবহার হয় যা physically exist করে এবং যাদের অন্তত ৫টির মধ্যে একটি sense দিয়ে অনুভব করা যায়। যেমন, chair, table, tree, etc. | | **Abstract nouns** এর কোনো physical existence নেই। তারা এমন idea, concept বা emotion নিয়ে কথা বলে যেগুলো আপনি দেখতে, শুনতে, ধরতে, taste বা smell করতে পারবেন না। যেমন: love, friendship, freedom, anger, etc. |

| Proper | VS | Common |
|---|---|---|
| কোনো নির্দিষ্ট ব্যক্তি, বস্তু বা জায়গার কথা বলতে আমরা **Proper Noun** ব্যবহার করি। Proper nouns capital letter দিয়ে শুরু হয়। যেমন: Zayed, Harry Potter, Thailand, etc. | | কোনো ব্যক্তি, বস্তু বা জায়গার কথা অনির্দিষ্টভাবে বুঝাতে আমরা **Common Noun** ব্যবহার করি। এটি কোনো কিছু specify না করে একটি ব্যক্তির বা বস্তুর class বা type নিয়ে কথা বলতে ব্যবহৃত হয়। যেমন: boy, book, animal, fruit, etc. |

| Collective | VS | Compound |
|---|---|---|
| Collective noun একটি set/group of people, animal বা things বোঝাতে ব্যবহৃত হয়। Collective noun-এর পর অনেক সময় **of + plural noun** বসে। যেমন: a flock of birds, a swarm of bees ইত্যাদি। | | **Compound noun** দুটি বা তার বেশি শব্দ দিয়ে তৈরি হয়। এদের এক শব্দেও লেখা যায়, আলাদাভাবেও লেখা যায়, আবার মাঝে hyphen দিয়েও লেখা যায়। যেমন: notebook/note book/ note-book, handbag/hand bag/hand-bag ইত্যাদি। |

| Countable | VS | Uncountable |
|---|---|---|
| **Countable nouns- এর singular ও plural** forms থাকে এবং তাদের আগে একটি সংখ্যা অথবা a/an ব্যবহার করে তাদের সংখ্যা সম্পর্কে ধারণা দেওয়া যায়। তাদের আলাদা আলাদা count করা যায়। যেমন, pen - pens, book - books, etc. | | **Uncountable nouns-** কে গণনা করা যায় না। অনেক ক্ষেত্রে তাদের বিভিন্ন substances, liquids ও abstract ideas নিয়ে কথা বলতে ব্যবহার করা হয়। মাঝে মাঝে তাদের mass nouns ও বলা হয়। যেমন: wood, air, sadness. কিছু বস্তু uncountable হলেও তা যদি কোনো পাত্রে রাখা হয়, তাহলে পাত্রের সংখ্যা গণনা করা যায়। যেমন: a cup of milk, two glasses of water, etc. |